



নারী-শিশু নির্যাতনে ‘জিরো টলারেন্স’ নীতিতে সরকার: আইনমন্ত্রী



আইনমন্ত্রী আসাদুজ্জামান। ছবি: সংগৃহীত

নারী ও শিশু নির্যাতনের ঘটনায় সরকার ‘জিরো টলারেন্স’ নীতি অনুসরণ করছে বলে জানিয়েছেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান। তিনি বলেন, বহুল আলোচিত শিশু রামিসা হত্যা মামলার বিচার কার্যক্রম আগামী ১ জুন থেকে আনুষ্ঠানিকভাবে শুরু হবে।

বুধবার (২৭ মে) বিনাইদহের শৈলকূপা সরকারি ডিগ্রি কলেজ মাঠে আয়োজিত মেধা ও মনন উৎসবের সমাপনী অনুষ্ঠান ও কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

আইনমন্ত্রী বলেন, রামিসার পরিবার একসময় বিচার পাওয়া নিয়ে হতাশ হয়ে পড়েছিল। বিশেষ করে শিশুটির বাবা বিচার না চাওয়ার কথাও জানিয়েছিলেন। তবে সরকার শুরু থেকেই আশ্বাস দিয়েছে, এ হত্যাকাণ্ডের সূষ্ঠা বিচার নিশ্চিত করা হবে এবং সেই প্রতিশ্রুতি বাস্তবায়নে কাজ চলছে।

তিনি জানান, মামলাটিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে তদন্ত করা হয়েছে। দ্রুত সময়ের মধ্যে অভিযোগপত্র দাখিলের নির্দেশনা দেওয়া হয়েছিল এবং নির্ধারিত সময়ের আগেই পুলিশ চার্জশিট জমা দিয়েছে।

মন্ত্রী আরও বলেন, নারী ও শিশু নির্যাতনের কোনো ঘটনায় অপরাধীদের ছাড় দেওয়া হবে না। কেউ যেন আইনের ফাঁক গলে বেরিয়ে যেতে না পারে, সে বিষয়ে সরকার কঠোর অবস্থানে রয়েছে। একই সঙ্গে এ ধরনের অপরাধ প্রতিরোধে সামাজিক সচেতনতা ও মানবিক মূল্যবোধ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন তিনি।

অনুষ্ঠানে শিক্ষার্থীদের উদ্দেশে আইনমন্ত্রী বলেন, তরুণ প্রজন্মকে মাদক, সন্ত্রাস ও অপরাধ থেকে দূরে রেখে শিক্ষার প্রতি মনোযোগী করতে পরিবার ও সমাজকে একসঙ্গে কাজ করতে হবে। পরে কৃতি শিক্ষার্থীদের মাঝে সম্মাননা ফ্রেস্ট ও সনদপত্র বিতরণ করা হয়।